# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 20-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে তৃণমূল কংগ্রেসের বার্ষিক শহীদ সমাবেশ ২১-শে জুলাই- কর্মসূচীকে যানজট মুক্ত রাখতে তৎপর প্রশাসন।

মুখ্যমন্ত্রী বলেছেন, কোন আপত্তি এই অনুষ্ঠানকে বন্ধ করতে পারবে না।

২) একই দিনে বিজেপি যুবা মোর্চার উত্তরকন্যা অভিযানের প্রস্তুতি চলছে জোরকদমে।

৩) বিহারের পাটনায় চন্দন মিশ্র হত্যাকান্ডে ধৃত চারজনকে আলিপুর আদালত দু-দিনের ট্রানজিড রিমান্ড দিয়েছে।

৪) বীরভূমে তৃণমূল কংগ্রেস নেতা বায়তুল্লা শেখ-এর হত্যার ঘটনায় ধৃত বিশর শেখ-কে আজ আদালত ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

৫) যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরিতে পুনর্বহালের দাবি নিয়ে আগামীকাল দিল্লি যাচ্ছেন যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ।

৬) সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং নিম্নচাপ অক্ষরেখার কারণে আগামী মঙ্গলবার পর্যন্ত বিভিন্ন জেলায় বৃষ্টি চলবে।

oooooooooooooooooooooo

রাত পোহালেই তৃণমূল কংগ্রেসের বার্ষিক শহিদ সমাবেশ। ১৯৯৩ সালের ২১ জুলাই যুব কংগ্রেসের মহাকরণ অভিযান কে কেন্দ্র করে অশান্তিতে পুলিশের গুলিতে

১৩ জন যুব কংগ্রেস কর্মীর মৃত্যু হয়। সেই ঘটনার স্মরণে প্রতিবছর তৎকালীন যুব কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি দিনটি পালন করেন। তবে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে এবার যানজট মুক্ত একুশে জুলাই এর সমাবেশ আয়োজন করাই এবার আয়োজক এবং প্রশাসন উভয়ের সামনে সবথেকে বড় চ্যালেঞ্জ। একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ)

oooooooooooooooooooo

আজ বিকেলে সভাস্থল পরিদর্শনের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সাংবাদিকদের বলেন, ইতিমধ্যেই চার লক্ষ মানুষ সমাবেশে যোগ দিতে কলকাতা পৌঁছেছেন। এই সমাবেশকে গণতন্ত্র রক্ষার কর্মসূচী বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, বিরোধীদের নানা আপত্তি সত্ত্বেও কোনভাবেই এই অনুষ্ঠানকে বন্ধ করা যাবে না। এপ্রসঙ্গে আগামীকাল বিজেপি উত্তরকন্যা অভিযানকেও কটাক্ষ করেন তিনি।

(বাইট – মমতা)

অন্যদিকে, দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ দলীয় কর্মীদের রাত্রিবাসের জন্য নির্দিষ্ট একাধিক স্থান ঘুরে দেখেন। গীতাঞ্জলি স্টেডিয়াম ঘুরে তিনি যান, সেন্ট্রাল পার্কের শিবিরে।

oooooooooooooooooooooo

হাইকোর্টের নির্দেশ পাওয়ার পর শিলিগুড়িতে জোরকদমে চলেছে বিজেপি-র যুব মোর্চার উত্তরকন্যা অভিযান। যদিও উত্তরবঙ্গের সচিবালয় হওয়ায়, উত্তরকন্যা পর্যন্ত পৌঁছনোর অনুমতি মেলেনি। তিনবাত্তি মোড় থেকে মিছিল শুরু হয়ে চুনাভাটি মোড় ঘুরে তা পৌঁছবে ভিডিওকন গ্রাউন্ড পর্যন্ত। সমাবেশ সেখানেই করতে হবে।

বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য জানিয়েছেন, দীর্ঘদিন ধরে চা-বাগান, বনাঞ্চল এবং নানা ক্ষেত্রে উত্তরবঙ্গ বঞ্চিত। মানুষের মৌলিক অধিকারকে রক্ষা করতেই এই অভিযান।

সভায় ১০ হাজার মানুষ উপস্থিত থাকতে পারবেন বলে হাইকোর্ট জানায়। যদিও বিজেপি-র অভিযোগ  মঞ্চ তৈরির কাজে তৃণমূল কংগ্রেস ও প্রশাসনের পক্ষ থেকে ইচ্ছাকৃতভাবে বাধা দেওয়া হচ্ছে। দলের যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ জানিয়েছেন, যুব মোর্চা এই কর্মসূচী সফল করতে বদ্ধপরিকর।

(বাইট – ইন্দ্রনীল)

oooooooooooooooooooooo

এদিকে, ২১ –শে জুলাই-এর শহীদ সমাবেশকে  কটাক্ষ করেছে বিরোধীরা। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, ২১-শে জুলাই আসলে শোকের দিন। ১৯৯৩ সালে ওই দিনে তৃণমূল কংগ্রেসের অস্তিত্ব ছিল না। ফলে, এই দিনটির সঙ্গে কংগ্রেসের আবেগ এবং আদর্শ জড়িয়ে আছে। প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন, বোমার আঘাতে স্কুল ছাত্রী তামান্নার মৃত্যু ও অভয়ার ন্যায় বিচারের দাবিতে কংগ্রেস আগামীকাল মূর্শিদাবাদের পলাসীতে শহীদ দিবস পালন করবে।

( বাইট – অধীর)

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

oooooooooooooooooooooo

বিহারের পাটনা হাসপাতালে প্যারলে থাকা চিকিৎসাধীন আসামী চন্দন মিশ্র হত্যাকান্ডে ধৃত মূল অভিযুক্ত তৌসিফ রাজা ওরফে বাদশা এবং নিশু খান সহ চারজনকে আলিপুর আদালত দু-দিনের ট্রানজিড রিমান্ড দিয়েছে। এরপরই বিহার পুলিশ তাদেরকে নিজেদের রাজ্যে নিয়ে যাওয়ার তোড়জোড় শুরু করেছে।

উল্লেখ্য, গত ১৭ তারিখ চন্দন মিশ্রকে হত্যার পর এরা একটি গাড়িতে করে নিউটাউনের সাপুর্জিতে আসে। সেখান থেকে পৌঁছয় আনন্দপুর গেস্ট হাউসে। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে তল্লাশি চালিয়ে বিহার ও রাজ্য পুলিশের এস টি এফ অভিযান চালিয়ে এদের গ্রেফতার করে।

oooooooooooooooooooooo

বীরভূমে তৃণমূল কংগ্রেস নেতা বায়তুল্লা শেখ-এর হত্যার ঘটনায় ধৃত বিশর শেখ-কে আজ আদালত ১০ দিনের পুলিশ হেফাজত দিয়েছে। গতরাতে বিসিয়া গ্রামে একটি দোকানে চা খাওয়ার সময় বায়তুল্লাকে লক্ষ্য করে এলোপাথাড়ি বোমা ছোঁড়ে কয়েকজন দুষ্কৃতি। ঘটনায় আহত হন আরও তিনজন। এরপরই পুলিশ বিশরকে গ্রেফতার করে।

oooooooooooooooooooooo

যোগ্যতার ভিত্তিতে পাওয়া চাকরিতে পুনর্বহালের দাবি নিয়ে আগামীকাল দিল্লি যাচ্ছেন যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। সেখানে একগুচ্ছ কর্মসূচী রয়েছে চাকরিহারাদের।

মঞ্চের আহবায়ক মেহবুব মন্ডল জানিয়েছেন, ২২ থেকে ২৪ তারিখ পর্যন্ত দিল্লির রামলীলা ময়দানে তাঁরা ধর্না কর্মসূচি পালন করবেন। সেই সঙ্গে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং লোকসভার অধ্যক্ষকে নিজেদের দাবি সম্বলিত স্মারকলিপি জমা দিয়ে সাক্ষাতের

আর্জিও জানাবেন। ২৪ তারিখ দিল্লি প্রেস ক্লাবে নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন চাকরিহারারা। কলকাতা ছাড়াও বর্ধমান ও মালদা থেকে চাকরিহারা শিক্ষকরা দিল্লিতে এই কর্মসূচিতে যোগ দিতে যাবেন।

oooooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায় আবেদন জানিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের অনেকেই। আগামীকাল, পরীক্ষায় বসার আবেদন জানানোর সময়সীমা শেষ হচ্ছে। প্রথমে এসএসসি নিয়োগ নতুন পরীক্ষা নিয়ে তীব্র আপত্তি জানিয়েছিলেন যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। তাঁরা কেউই পরীক্ষায় বসবেন না বলে প্রথমে অনড় ছিলেন। যদিও পরে সে সিদ্ধান্ত বদল করেন। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহবায়ক মেহবুব মন্ডল বলেন, দাগিরা পরীক্ষায় বসতে পারবে না বলে আদালত নির্দেশ দিয়েছে। সেই কারণেই যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা নতুন পরীক্ষায় বসার আবেদন জানিয়েছেন। তবে রিভিউ পিটিশনের মাধ্যমেই তাদের চাকরি ফেরানোর ব্যবস্থা করতে হবে বলে দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং নিম্নচাপ অক্ষরেখার কারণে আগামী মঙ্গলবার পর্যন্ত বিভিন্ন জেলায় বৃষ্টি চলবে।

আলিপুর আবহাওয়া দপ্তর থেকে আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভিসি- অভিজিৎ দা)

oooooooooooooooooooooo

শ্রাবণ মাসের প্রথম সোমবার উপলক্ষে হুগলীর তারকেশ্বরে ক্রমশ পুন্যার্থীদের ভীড় বাড়ছে। আজ রাতভর ভক্তরা বাঁক কাঁধে শেওড়াফুলি ও বৈদ্যবাটী থেকে জল নিয়ে মন্দির উদ্দেশে পায়ে হেঁটে যাত্রা করবেন। পুন্যার্থীদের সুবিধার্থে প্রশাসনের পক্ষ

থেকে নেওয়া হয়েছে এক গুচ্ছ ব্যবস্থা। খোলা হয়েছে জলসত্র, লঙ্গরখানা, বিশ্রামাগার ইত্যাদি।

এদিকে, মন্দির চত্ত্বরে বসেছে মেলা। প্রশাসনের পক্ষ থেকে জোরাদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। পূর্ব রেলও এই উপলক্ষে বিশেষ ট্রেন চালাচ্ছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের অন্যতম শৈবতীর্থ জলপেশেও শুরু হয়েছে বিশেষ উৎসব। দুরদূরান্ত থেকে ভক্তরা মন্দিরে পৌঁচ্ছেন। আগামীকাল ভোর রাত থেকে চলবে পূজার্চনা।

ooooooooooooooooooooo

বাংলা ফুটবল দল  আগামীকাল এআইএফএফ পরিচালিত অনুর্দ্ধ-১৬ ড: বি সি রায় ট্রফিতে নামতে চলেছে। পাঞ্জাবের অমৃতসরে  গুরু নানক দেব বিশ্ববিদ্যালয় স্পোর্টস কমপ্লেক্সে তামিলনাড়ুর বিরুদ্ধে ম্যাচ দিয়ে অভিযান শুরু করবে বাংলা। ম্যাচ শুরু হবে সকাল ৮.৩০ টায়। বাংলা দল এই প্রতিযোগিতায় গ্রুপ বি তে রয়েছেন, এই গ্রুপে বাংলা ছাড়াও তামিলনাড়ু, মেঘালয় ও কেরালা রয়েছে। গ্রুপ বি-তে বাকি ম্যাচে বাংলা ২৩ জুলাই, মেঘালয়ের বিরুদ্ধে ও ২৫ জুলাই, কেরলের বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo